গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা পরিষদ
কালিয়া, নড়াইল।

বিষয় ঃ উপজেলা পরিষদের জুলাই/২০২১ মাসের মাসিক সভার কার্যবিবরণী।
তারিখ ঃ ২৯/০৭/২০২১ খ্রিঃ।
সময় ঃ বেলা-১১.৩০ টা।
স্থান ঃ কালিয়া উপজেলা পরিষদ মিলনায়তন।
সভাপতি ঃ কৃষ্ণপদ ঘোষ
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
কালিয়া, নড়াইল।

সভায় উপস্থিত এবং অনুপস্থিত সদস্যদের নামের তালিকা ( পরিশিষ্ট-ক দ্রষ্টব্য)

সভাপতি উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানিয়ে স্বাগত বক্তব্যের মাধ্যমে সভার কাজ শুরু করেন। সভার শুরুতেই তিনি মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক সভার কার্য পরিচালনার জন্য সকল সদস্যকে আহবান করেন। অতঃপর আলোচ্য সূচী মোতাবেক সভা পরিচালনার জন্য তিনি নবাগত উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইলকে অনুরোধ জানান।

০২। সভায় বিগত ২১/০৬/২০২১ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করা হয়। কার্যবিবরণী পাঠান্তে কার্যবিবরণীতে কোন সংশোধণী না থাকায় অত্র সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও দৃঢ়ীকরণ করা হয়।

০২। বিভাগীয় আলোচনা ঃ বিভাগীয় আলোচনার পূর্বে উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইল জানান যে, স্থানীয় সরকার মন্ত্রণালয়ের নির্দেশনা মোতাবেক গঠিত কালিয়া উপজেলা পরিষদের ১৭টি কমিটির সভাপতিদের তাদের কমিটির সভা অনুষ্ঠান পূর্বক সুপারিশগুলি এজেন্ডাভিত্তিক মাসিক সভায় উপস্থাপনের জন্য পুনঃ অনুরোধ করেন। এ ছাড়া তিনি সকল সদস্য ( ভোটিং ও নন-ভোটিং)-কে উপজেলা পরিষদ ম্যানুয়েল ভালোভাবে পড়ে তাদের দায়িত্ব সম্পর্কে জানার জন্য বিশেষভাবে পুনঃঅনুরোধ করেন। অতঃপর তিনি আলোচ্য সূচী মোতাবেক আলোচনা করার জন্য বিভাগীয় প্রধানদের অনুরোধ করেন।

| বিভাগ | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| উপজেলা প্রকৌশল অধিদপ্তর | উপজেলা প্রকৌশলী সভায় উপস্থিত। তিনি জানান যে চলতি ২০২০-২০২১ অর্থ বছরে এডিপি খাতের সকল বরাদ্দ দ্বারা গৃহীত প্রকল্প সমূহ টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন করা হয়েছে এবং পিআইসি দ্বারা বাস্তবায়নযোগ্য প্রকল্প সমূহের কাজ ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। টেন্ডারের মাধ্যমে বাস্তবায়নযোগ্য প্রকল্প সমূহের কাজও ইতোমধ্যে সম্পন্ন হয়েছে। সভায় তিনি আরো জানান যে, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের আওতাধীন কালিয়া টু বড়দিয়া এবং কালিয়া টু গাজীর হাট পর্যন্ত রাস্তার সম্প্রসারণসহ নির্মাণ কাজ চলমান আছে। ইতোমধ্যে কাজের প্রায় ৯৫% সমাপ্ত হয়েছে। অবশিষ্ট কাজ চলতি অর্থ বছরের মধ্যে সমাপ্ত হবে মর্মে তিনি সভাকে অবহিত করেন। উপজেলা প্রকৌশলী সভাকে অবহিত করেন যে, কালিয়া টু বড়দিয়া রাস্তা সম্প্রসারণ করতে গিয়ে রাস্তার দু'পাশের অনেক গাছ কর্তন পূর্বক অপসারণ করতে হচ্ছে। এরই ধারাবাহিকতায় কালিয়া পৌরসভার অভ্যন্তরে উপজেলা পরিষদের নিজস্ব জায়গার মধ্যে উপজেলা পরিষদ মেইন গেটের ৫০´ পশ্চিম পার্শ্বে চেইনেজ ২৫০-৩০০-এর মধ্যে একটি কালো বাবরা এবং একটি বড় মেহগনি গাছ ছিলো যা উপজেলা পরিষদের গত ০৬/০৫/২০২১খ্রি. তারিখের সিদ্ধান্ত মোতাবেক কর্তণ পূর্বক উপজেলা পরিষদের অভ্যন্তরে সংরক্ষণ করা হয়েছে। গাছ কর্তনের পূর্বে ফরেষ্টার, কালিয়া, নড়াইল-এর মাধ্যমে গাছের প্রাক্কলন ও মূল্য নির্ধারণ করা হয়েছে। তিনি আরো বলেন যে, গাছের প্রাক্কলন ও মূল্য নির্ধারণ করার পর গাছটি কর্তন করা হয়েছে। তিনি সভাকে আরো অবহিত করেন যে, চলতি ২০২০-২১ অর্থ বছরে এডিপি ও উপজেলা উন্নয়ন তহবিল দ্বারা বাস্তবায়িত কাজ প্রক্কলন মোতাবেক সম্পন্ন করা হয়েছে। বাস্তবায়িত কাজের মান সন্তোষজনক। তার বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক মর্মে সভাকে অবহিত করেন এবং অদ্যকার সভায় উত্থাপনযোগ্য কোন বিষয় নেই মর্মেও সভাকে অবহিত করেন। | বিস্তারিত আলোচনান্তে জনভোগান্তি লাঘবের স্বার্থে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপপ্তরের নিয়ন্ত্রণাধীন কালিয়া টু বড়দিয়া রাস্তার কালিয়া পৌরসভার অভ্যন্তরে উপজেলা পরিষদের নিজস্ব জায়গার মধ্যে উপজেলা পরিষদ মেইন গেটের ৫০´ পশ্চিম পার্শ্বে চেইনেজ ২৫০-৩০০-এর মধ্যে একটি কালো বাবরা এবং একটি বড় মেহগনি গাছ কর্তন পূর্বক উপজেলা পরিষদের হেফাজতে সংরক্ষণ করায় এবং রাস্তার কাজ সম্পন্ন করার প্রতিবন্ধকতা দূর করায় উপজেলা প্রকৌশল দপ্তর, কালিয়াকে সভার পক্ষ হতে ধন্যবাদ জানানো হয়। অবকাঠামোগত উন্নয়নের কাজেন মান আগামীতে ধরে রাখার জন্য উপজেলা প্রকৌশল অধিদপ্তরকে সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | ক) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়া<br>খ) উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া<br>গ) উপজেলা প্রকৌশলী, এলজিইডি, কালিয়া |
| ফরেষ্টার, উপজেলা নার্সারী, বন বিভাগ, কালিয়া, নড়াইল। | ফরেষ্টার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি সভাকে জানান যে, উপজেলা পরিষদের গত ০৬/০৫/২০২১ খ্রি. তারিখের সিদ্ধান্ত মোতাবেক কালিয়া পৌরসভার অভ্যন্তরে উপজেলা পরিষদের নিজস্ব জায়গার মধ্যে উপজেলা পরিষদ মেইন গেটের ৫০´ পশ্চিম পার্শ্বে চেইনেজ ২৫০-৩০০-এর মধ্যে একটি কালো বাবরা এবং একটি মেহগনি গাছের প্রক্কলন ও মূল্য নির্ধারণ করা হয়েছে। গাছ দুটির বিপরীতে প্রস্তুতকৃত প্রাক্কলন ও মূল্য নির্ধারণ সংক্রান্ত তথ্যাদি তিনি সভায় উপস্থাপন করেন। উপস্থাপিত প্রাক্কলন ও মূল্য | বিস্তারিত আলোচনান্তে উপস্থাপিত কাঠের প্রাক্কলন ও মূল্য সঠিক আছে মর্মে সভায় একমত পোষণ করেন। ফলে ফরেষ্টার, কালিয়া, নড়াইল কর্তৃক প্রস্তুতকৃত ও সভায় উপস্থাপিত মেহগনি ও বাবলা গাছের কাঠের প্রাক্কলন ও মূল্য সর্বসম্মতিক্রমে সভায় | ক) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়া<br>খ) উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া |

| | | | |
|---|---|---|---|
| | নির্ধারণ সংক্রান্ত পত্রটি পর্যালোচনা করে দেখা যায় যে, মেহগনি গাছে ৬১.২৭ ঘনমিটার কাঠ আছে যার সরকারি মূল্য-২৭,৯৪০/- (সাতাইশ হাজার নংশত চল্লিশ) টাকা এবং বাবলা গাছে ৮.৫২ ঘনমিটার কাঠ আছে যার সরকারি মূল্য ৩,০৩৩/- (তিন হাজার তেত্রিশ) টাকা এবং উভয় গাছে জ্বালানী আছে ১১মন, যার বাজার মূল্য ১০৪৫/- (এক হাজার পঁয়তাল্লিশ) টাকা। সর্বসাকুল্যে কাঠের এবং জ্বালানীর মূল্য মোট ৩২,০১৮/- (বত্রিশ হাজার আঠার) টাকা নির্ধারণ করা হয়েছে। সভায় উপস্থাপিত কাঠের প্রাক্কলন ও মূল্যের বিষয়ে বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | গৃহীত ও অনুমোদিত হয়। এ ছাড়া কর্তনকৃত গাছ নিলামে বিক্রয় করার নিমিত্ত বিধি মোতাবেক মন্ত্রণালয়ের অনুমোদন গ্রহণ করার জন্যও সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। কর্তনকৃত গাছ দুটি জেলা প্রশাসক, নড়াইল মহোদয়ের মাধ্যমে বিধিমতে মন্ত্রণালয়ের অনুমোদন গ্রহণ করা, নিলামে বিক্রয় করাসহ অন্যান্য আইনগত প্রক্রিয়া সম্পন্ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইলকে সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | |
| প্রকল্প বাস্তবায়ন অফিস | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় উপস্থিত। তিনি জানান যে, ২০২০-২১ অর্থ বছরে টিআর, কাবিখা, কাবিটা, ৪০দিনের কর্মসৃজন কর্মসূচীর আওতায় গৃহীত সকল প্রকল্প সঠিকভাবে বাস্তবায়ন করা আরম্ভ হয়ে শেষ হয়েছে। প্রকল্পের কাজ বাস্তবায়নে সহযোগিতা করার জন্য সংশ্লিষ্ট প্রকল্প সভাপতি, সকল জনপ্রতিনিধিসহ সংশ্লিষ্ট সকলকে ধন্যবাজ জানান এবং ভবিষ্যতে একইরুপ সহযোগিতা অব্যাহত রাখারও প্রত্যাশা করেন। তিনি আরো বলেন যে, তার দপ্তরের কাজ স্বাভাবিক গতিতে চলছে। সভায় উপস্থাপনযোগ্য আর কোন আলোচ্য বিষয় নেই। | বিস্তারিত আলোচনান্তে চলতি ২০২০-২০২১ অর্থ বছরে বাস্তবায়িত প্রকল্পের কাজের মান ও পরিমান ঠিক রাখায় সংশ্লিষ্ট সকলকে পরিষদের পক্ষ হতে ধন্যবাদ জানানো হয় এবং ভবিষ্যতে এর ধারাবাহিকতা বজায় রাখার জন্যও সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা |
| কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিক গতিতে চলমান আছে। মাসিক সভায় উপস্থাপন যোগ্য কোন আলোচ্য বিষয় নেই। বর্তমান মৌসুমে এ উপজেলায় কোন সারের সংকট নেই এবং আগামী ২/১ মাসের মধ্যে সারের সংকট হওয়ার কোন সম্ভাবনাও নেই। তিনি আরো বলেন যে, বৈশ্বিক মহামারি করোনা ভাইরাস মোকাবেলায় কৃষি বিভাগের সকল পর্যায়ের কর্মকর্তা-কর্মচারী সরকারের বিভিন্ন নির্দেশনা প্রতিপালন করেছেন এবং সাধারণ জনগন যাতে স্বাস্থ্যবিধি মেনে চলেন সে বিষয়ে গুরুত্বেও সাথে কাজ করেছেন। ভবিষ্যতেও সরকারের যে কোন ধরণের সিদ্ধান্ত মাঠ পর্যায়ে প্রতিপালনে গ্রণী ভূমিকা পালন অব্যাহত রাখার আশাবাদ ব্যক্ত করেন। বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক। | বিস্তারিত আলোচনান্তে বিভাগীয় কার্যক্রমে আরো গতিশীলতা আনয়নের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার জন্য উপজেলা কৃষি অফিসার, কালিয়া, নড়াইলকে সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | উপজেলা কৃষি অফিসার, কালিয়া, নড়াইল। |
| উপজেলা পরিবার পরিকল্পনা অফিস | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার সভায় উপস্থিত। তিনি জানান যে, বিগত সভার সিদ্ধান্ত মোতাবেক উপজেলা পরিকল্পনা স্টোর রুম-কাম-অফিস ভবন নির্মাণ করার জন্য উর্দ্ধতন কর্তৃপক্ষের অনুমোদন পাওয়া গেছে। টীরেই বরাদ্দ পাওয়া যাবে। বরাদ্দ প্রাপ্তী সাপেক্ষে উপজেলা পরিকল্পনা স্টোর রুম-কাম-অফিস ভবন নির্মাণ করা হবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। তিনি জানান যে, বৈশ্বিক মহামারী করোনা ভাইরাস ( কোভিড-১৯) এর সংক্রমণ রোধকল্পে সরকার কর্তৃক অর্পিত সকল দায়িত্ব উপজেলা পরিবার পরিকল্পনা অফিস যথাযথভাবে প্রতিপালন করছেন এবং মানুষকে নিরলসভাবে সেবা প্রদান কার্যক্রম অব্যাহত রেখেছেন যা অব্যাহত আছে ও থাকবে। তিনি জানান তার দাপ্তরিক কার্যক্রম সন্তোষজনক। | বিস্তারিত আলোচনান্তে , বৈশ্বিক মহামারী করোনা ভাইরাস ( কোভিড-১৯) এর সংক্রমণ রোধকল্পে সরকার কর্তৃক অর্পিত সকল দায়িত্ব উপজেলা পরিবার পরিকল্পনা অফিসকে যথাযথভাবে প্রতিপালনের জন্য সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার |
| উপজেলা শিক্ষা অফিস | উপজেলা শিক্ষা অফিসার, কালিয়া, নড়াইল সভায় উপস্থিত। তিনি জানান যে, মাননীয় প্রধানমন্ত্রীর দিকনির্দেশনা অনুসরণ করে কালিয়া উপজেলার প্রাথমিক পর্যায়ের সকল শিক্ষার্থীদের হাতে নতুন বছরের বই তুলে দেয়া হয়েছে। এ ক্ষেত্রে সকল প্রকার স্বাস্থ্যবিধি অনুসরণ করা হয়েছে। এ ছাড়া বৈশ্বিক মহামারি করোনা ভাইরাস-এর কারণে বর্তমানে প্রাথমিক বিদ্যালয় সমূহ বন্ধ রয়েছে। শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকার কারণে শিক্ষার্থীরা যাতে করে শিক্ষা/ পাঠ বিমুখ না হয়ে পড়ে সে দিকে লক্ষ্য রেখে অনলাইন শিক্ষা কার্যক্রম চালু করার প্রচেষ্টা রয়েছে। এ ছাড়া ক্লাস্টার ভিত্তিক শিক্ষকবৃন্দ স্ব স্ব প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা যাতে করে শিক্ষা কার্যক্রমের মধ্যে থাকে সে বিষয়ে শিক্ষা দপ্তরের মাধ্যমে দিক নির্দেশনা প্রদান করা হয়েছে। সরকারি সিদ্ধান্ত পাওয়া গেলেই পুনরায় শিক্ষা প্রতিষ্ঠানে নবউদ্যোমে শিক্ষা কার্যক্রম চালু করার জন্য শিক্ষা বিভাগ সম্পূর্ণ প্রস্তুত আছে। | বিস্তারিত আলোচনান্তে প্রাথমিক শিক্ষা ব্যবস্থা সচল রাখার জন্য অনলাইন শিক্ষা কার্যক্রম পুরোদমে চালু করাসহ শিক্ষকবৃন্দ স্ব স্ব ক্লাস্টার এলাকার অভিভাবকদের সাথে মোবাইলের মাধ্যমে শিক্ষার্থীদের লেখাপড়ার খোজ-খবর নেয়ার জন্য সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | উপজেলা শিক্ষা অফিসার, কালিয়া, নড়াইল। |
| উপজেলা মাধ্যমিক | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিয়া সভায় উপস্থিত। তিনি জানান যে, মাননীয় প্রধানমন্ত্রীর দিকনির্দেশনা অনুসরণ করে কালিয়া উপজেলার | বিস্তারিত আলেচনান্তে বৈশ্বিক মহামারি করোনা ভাইরাসের প্রাদুর্ভাব চলাকালীন সময়ে সরকারি সিদ্ধানের আলোকে যতদিন পর্যন্ত শিক্ষা | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, |

| | | | |
|---|---|---|---|
| শিক্ষা অফিস | মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষার্থীদের হাতে নতুন বছরের বই তুলে দেয়া হয়েছে। এ ক্ষেত্রে সকল প্রকার স্বাস্থ্যবিধি অনুসরণ করা হয়েছে। তিনি আরো জানান যে, বৈশ্বিক মহামারি করোনা ভাইরাস-এর কারণে বর্তমানে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠান সমূহ বন্ধ রয়েছে। শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ থাকার কারণে শিক্ষার্থীরা যাতে করে শিক্ষা/ পাঠ বিমুখ না হয়ে পড়ে সে দিকে লক্ষ্য রেখে অনলাইন শিক্ষা কার্যক্রম চালু করার প্রচেষ্টা রয়েছে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা করা হয়। | প্রতিষ্ঠান বন্ধ থাকবে ততদিন অনলাইন শিক্ষা চালু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভার পক্ষ হতে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিয়াকে অনুরোধ করা হয়। | কালিয়া |
| উপজেলা সমাজসেবা অফিস | উপজেলা সমাজসেবা অফিসার সভায় উপস্থিত। তিনি জানান যে, কালিয়া উপজেলায় সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় প্রদানকৃত সকল সেবা চালু আছে। সকল সেবা অনলাইন ভিত্তিক চালু থাকায় বৈশ্বিক মহামারী করোকালীন সময়েও সকল সেবা অব্যাহত আছে। বিকাশ এজেন্টদের ভাতাভোগীদের হিসাব খোলার বিষয়ে সার্বিক সহায়তা প্রদানের জন্য সকল ইউপি চেয়ারম্যানদের সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। চলতি অর্থ বছর হতে সকল ভাতাভোগীদের বিকাশের মাধ্যমে ভাতার অর্থ প্রদান করা হচ্ছে মর্মেও তিনি সভাকে অবহিত করেন। বিধবাভাতা, স্বামী পরিত্যাক্তা ভাতা, বেদে সম্প্রদায়ের জন্য বয়স্কভাতাসহ অন্যান্য সকল ভাতা প্রদান কার্যক্রম অব্যাহত আছে। এ ছাড়া বীর মুক্তিযোদ্ধাদের ভাতা প্রদান কার্যক্রম, কেন্দ্রীয় সার্ভারে তথ্য আপলোডসহ অন্যান্য কার্যক্রম সমাপ্ত হয়েছে। তিনি জানান বৈশ্বিক মহামারী করোনা ভাইরাস মোকাবেলায় সরকারের নির্দেশনা অনুসরণ পূর্বক উপজেলার অন্যান্য দপ্তরের সাথে সমন্বয় করে উপজেলা প্রশাসনের দিকনির্দেশনা মোতাবেক মাঠ পর্যায়ে কার্যক্রম চলমান আছে এবং তা অব্যাহত থাকবে বলে তিনি সকলকে অবহিত করেন। | বিস্তারিত আলোচনান্তে উপজেলা সমাজসেবা অফিসের কার্যক্রমে আরো গতিশীলতা আনয়নের জন্য সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, কালিয়া, নড়াইল। |
| উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর | উপজেলা যুব উন্নয়ন অফিসার সভায় উপস্থিত। তিনি জানান যে, তার দপ্তরের মাধ্যমে যুবক ও যুবা মহিলাদের আত্নকর্মসংস্থান নিশ্চিত করার লক্ষ্যে প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত আছে। এ ছাড়া যারা যুব উন্নয়ন অধিদপ্তর হতে প্রশিক্ষণ গ্রহণ করছেন তাদের ঋণ প্রদান করা হচ্ছে। ঋণ গ্রহীতারা যাতে করে আত্নকর্মসংস্থানের মাধ্যমে স্বাবলম্বী হতে পারে সে বিষয়ে মাঠ পর্যায়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাবৃন্দ নিয়মিত মনিটরিং কার্যক্রম অব্যাহত রেখেছেন। তিনি আরো জানান তার দাপ্তরিক কার্যক্রম সন্তোষজনক। | দাপ্তরিক কার্যক্রমে আরো গতিশীলতা আনয়নের উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | |
| উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় উপস্থিত। তিনি জানান যে, তার দপ্তরের মাধ্যমে বাস্তবায়িত মহিলাদের প্রশিক্ষণ, মাতৃত্বভাতা প্রদান, ভিজিডি প্রদান কার্যক্রম অব্যাহত আছে। বিগত ২০১৯-২০ অর্থ বছরে এ উপজেলার অনুকূলে বরাদ্দকৃত সকল ভাতার তালিকা প্রণয়ন পূর্বক প্রত্যেককে বই সরবরাহ করা হয়েছে। নতুন ২০২০-২১ অর্থ বছরে এখনও কোন বরাদ্দ পাওয়া যায়নি। বরাদ্দ পাওয়া সাপেক্ষে পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হবে। এ ছাড়া করোনা ভাইরাসের কারণে আপাতত মহিলাদের প্রশিক্ষণ কার্যক্রম বন্ধ আছে। সরকারের নির্দেশনা পেলেই প্রশিক্ষণ কার্যক্রম শুরু করা হবে। তিনি আরো জানান যে, ২০১৯-২০ ভিজিডি চক্রে জয়নগর ইউনিয়নের তালিকায় ০৫ (পাঁচ) জন স্বচ্ছল ব্যক্তি নাম অন্তর্ভূক্ত হওয়ায় তারা সরেজমিনে চাউল গ্রহণ করতে আসে নাই। ফলে তাদের চাউল বিতরণ করা সম্ভব হয়নি মর্মে চেয়ারম্যান, জয়নগর ইউনিয়ন পরিষদ লিখিতভাবে জানিয়েছেন। চেয়ারম্যানের লিখিত প্রতিবেদন পাওয়ার পর বিষয়টি সরেজমিনে তদন্ত করা হয়। তদন্তে চেয়ারম্যানে লিখিত প্রতিবেদনের সত্যতা পাওয়া যায়। ২০১৯-২০ ভিজিডি চক্রে যে ০৫জন ব্যক্তি চাইল গ্রহণ করেন নাই তাদের পরিবর্তে নতুন ০৫ (পাঁচ) জনের নামের তালিকা প্রনয়ন পূর্বক পরিষদের রেজুলেশনসহ চেয়ারম্যান, জয়নগর ইউনিয়ন পরিষদ দাখিল করেছেন। দাখিলকৃত তালিকা সভায় উপস্থাপন করা হয়। উপস্থাপিত তালিকায় বর্ণিত ব্যক্তিদের বিষয়ে বিস্তারিত আলোচনান্তে তালিকাভূক্ত স্বচ্ছল ০৫( পাঁচ) জনের নাম বাদ দিয়ে তাদের পরিবর্তে সভায় উপস্থাপিত নতুন ০৫ (পাঁচ) জনের নাম অন্তর্ভূক্ত করে তাদের অনুকূলে ভিজিডি চাউল বিতরণের প্রস্তাব করা হয়। তার দাপ্তরিক কার্যক্রম সন্তোষজনক মর্মে সভাকে অবহিত করেন। | বিস্তারিত আলোচনান্তে স্বচ্ছল ব্যক্তি হিসেবে স্বীকৃত (ক) শিল্পি বেগম, স্বামী- আলি আহম্মেদ, (খ) জান্নাতী বেগম, স্বামী- নান্নু মোল্যা (গ) নিলুফা বেগম, স্বামী-কামাল ভূইয়া (ঘ) তানজিরা বেগম, স্বামী- রজব আলী (ঙ) শাপলা বেগম, স্বামী- ফরিদ আহম্মেদ-গংদের নাম বাদ দিয়ে তদস্থলে অস্বচ্ছল গরীব ও অসহায় হিসেবে স্বীকৃত (ক) রুনা বেগম, স্বামী-রুবেল মোল্যা, সাং-জয়নগর (খ) ববিতা খানম, স্বামী-ফরিদ শেখ, সাং-দেবদুন-১, (গ) রুপালী পাল, স্বামী-জগদীশ পাল, সাং-কেশবপুর (ঘ) মোসাঃ শিলা বেগম, স্বামী- মোঃ মনিরুজ্জামান শেখ, সাং-দেবদুন-১ (ঙ) নাদিয়া আক্তার রত্না, স্বামী-কুটি মিয়া শিকদার, সাং- দেবদুন-২ গংদের নাম তালিকায় অন্তর্ভূক্ত করতঃ তাদের অনুকূলে ভিজিডি চাউল প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বিষয়টি নিশ্চিত করবেন। | ১। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, কালিয়া, নড়াইল।<br>২। চেয়ারম্যান, জয়নগর ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। |
| উপজেলা আনসার ও ভিডিপি অফিস | ভারপ্রাপ্ত উপজেলা আনসার ও ভিডিপি অফিসার সভায় উপস্থিত। তিনি জানান যে, বৈশ্বিক মহামারি করোনা ভাইরাসের কারণে আনসার ভিডিপি-এর গ্রাম প্রশিক্ষণ কার্যক্রম বন্ধ রয়েছে। করোনায় ক্ষতিগ্রস্থ অসহায় মানুষকে উপজেলা আনসার ও ভিডিপি-এর পক্ষ হতে খাদ্য সহায়তা প্রদান করা হয়েছে। এ ছাড়া সামাজিক দূরত্ব বজায় রাখা ও স্বাস্থ্য বিধি প্রতিপালনে মাঠপর্যায়ে আনসার ভিডিপি-এর সদস্যরা নিয়মিত কাজ করছেন। তিনি জানান তাদের দাপ্তরিক কার্যক্রম সন্তোষজনক। | দাপ্তরিক কার্যক্রমে আরো গতিশীলতা আনয়নে উপজেলা আনসার ভিডিপি অফিসারকে সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, কালিয়া, নড়াইল। |
| উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) সভায় উপস্থিত। তিনি জানান বৈশ্বিক মহামারি করোনার কারণে জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের মাধ্যমে বাস্তবায়িত বিভিন্ন প্রকল্পের কাজ সাময়িক বন্ধ আছে। পরিস্থিতির উন্নতি হলে সরকারের | দাপ্তরিক কার্যক্রমে আরো গতিশীলতা আনয়নে উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), কালিয়া, নড়াইলকে সভার | উপ-সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), |

| | | | |
|---|---|---|---|
| অধিদপ্তর | নির্দেশনার আলোকে স্থগিতকৃত প্রকল্পের কাজ পুনরায় শুরু করা হবে। এ ছাড়া কালিয়া উপজেলায় জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের মাধ্যমে সকল ইউনিয়নে স্বাস্থ্য সুরক্ষা সামগ্রী ( সাবান, ব্লিচিং পাউডার) বিনামূল্যে বিতরণ করা হয়েছে। তিনি জানান তার দাপ্তরিক কার্যক্রম সন্তোষজনক। | পক্ষ হতে অনুরোধ করা হয়। | কালিয়া, নড়াইল। |
| উপজেলা প্রানিসম্পদ অফিস | উপজেলা প্রানিসম্পদ অফিসার সভায় উপস্থিত। তিনি জানান বৈশ্বিক মহামারি করোনা ভাইরাসের কারণে গবাদি পশুর চিকিৎসাসহ অন্যান্য সেবা প্রদানে কিছুটা সমস্যা হলেও স্বাস্থ্যবিধি মেনে গবাদি পশুর চিকিৎসা কার্যক্রম অব্যাহত রাখা হয়েছে। এ ছাড়া খামারিদের স্বাস্থ্য বিধি মেনে খামারের পশুদের পরিচর্চা করার প্রয়োজনীয় পরামর্শ, চিকিৎসা সেবা প্রদান কার্যক্রম চলমান আছে। তিনি আরো জানান যে, আসন্ন ঈদ-উল-আযহা উপলক্ষ্যে কালিয়া উপজেলায় পর্যাপ্ত পরিমানে কোরবানীর পশু লালন পালন করা হচ্ছে। স্থানীয়ভাবে খামারে উৎপাদিত পশুর মানও ভাল। এ ছাড়া তিনি বলেন যে, তার দাপ্তরিক কার্যক্রম সন্তোষজনক। | দাপ্তরিক কার্যক্রমে আরো গতিশীলতা আনয়নে উপজেলা প্রানিসম্পদ অফিসার, কালিয়া, নড়াইলকে সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | উপজেলা প্রানিসম্পদ অফিসার, কালিয়া, নড়াইল। |
| উপজেলা নার্সারী, বনবিভাগ | উপজেলা ফরেস্টার সভায় উপস্থিত। তিনি মুজিব বর্ষ উপলক্ষে মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনায় প্রতিটি ইউনিয়নে একটি করে মডেল/ প্রদর্শনী সামাজিক বনায়ন বৃদ্ধি করার কার্যক্রম চলমান আছে। সে লক্ষ্যে উপজেলা নার্সারী হতে প্রতি ইউনিয়নে ১০০০টি ফলজ,বনজ এবং ঔষধী চারা গাছ বিনামূল্যে বিতরণ কর্মসূচী চলমান। তিনি উপস্থিত সকল ইউপি চেয়ারম্যানদের উপজেলা নার্সারী হতে গাছের চারা গ্রহণ করার অনুরোধ করেন। তিনি জানান তার বিভাগীয় কার্যক্রম সন্তোষজনক। | সামাজিক বনায়ন বৃদ্ধিসহ মুজিববর্ষ উপলক্ষ্যে মডেল/প্রদর্শনী সামাজিক বনায়ন বাস্তবায়ন নিশ্চিত করার জন্য ফরেষ্টার, উপজেলা নার্সারী, বনবিভাগ, কালিয়া, নড়াইলকে সভার পক্ষ হতে অনুরোধ করা হয়। | ফরেষ্টার, বনবিভাগ, উপজেলা নার্সারী, কালিয়া, নড়াইল। |
| উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলেটেটর (ইউডিএফ) সভায় উপস্থিত। তিনি জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের কাজ চলমান আছে এবং ইতোমধ্যে বাস্তবায়িত কাজের মান সন্তোষজনক। তিনি আরো জানান যে, ২০১৮-১৯ অর্থ বছরে অবকাঠামো উন্নয়ন উপ-পকল্প-এর বিপরীতে বরাদ্দকৃত অর্থ দ্বারা গৃহীত অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্পের আওতায় ২৩,৫৫,৫৯৬/- ( ভ্যাট ও আয়করসহ) টাকার প্রকল্পের কাজ সমাপ্ত হয়েছে। সমাপ্তকৃত প্রকল্পের অর্থ প্রাপ্তির লক্ষ্যে বিল-ভাউচার প্রেরণ করার জন্য সভার পক্ষ হতে অনুরোধ করা হয় । | বিস্তারিত আলোচনান্তে ২০১৮-১৯ অর্থ বছরে অবকাঠামো উন্নয়ন উপ-পকল্প-এর বিপরীতে বরাদ্দকৃত অর্থ দ্বারা গৃহীত অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্পের আওতায় ২৩,৫৫,৫৯৬/- ( ভ্যাট ও আয়করসহ) টাকার প্রকল্পের কাজের অর্থ প্রাপ্তির লক্ষ্যে বিল-ভাউচার প্রেরণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল। ২। উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইল। |

৪। বিবিধ ঃ

| | | | |
|---|---|---|---|
| বিবিধ -১ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল বলেন যে, চলমান প্রচন্ড দাবাদহে কালিয়া উপজেলার প্রত্যন্ত অঞ্চলে অসচেতন জনগন তাদের অসাবধানতার কারণে আগুনে বসত ঘর পুড়িয়ে ফেলেছে। এছাড়া নদী বেষ্টিত কালিয়া উপজেলার কতিপয় গত ২৩/০৩/২০২১ খ্রি. তারিখে মাউলী ইউনিয়নের মহাজন গ্রামে একটি হিন্দু পরিবারের লোকজনকে জিম্মি করে অজ্ঞাত দুষ্কৃতিকারীরা তার বসত ঘরে আগুন লাগিয়ে দেয়ার কারণে সম্পূর্ণ ঘর পুড়ে ছাই হয়ে গেছে। নড়াইল জেলা প্রশাসক, পুলিশ সুপারসহ স্থানীয় গন্যমান্য ব্যক্তিদের নিয়ে ঘটনাস্থল সরেজমিনে পরিদর্শন করা হয়েছে । এলাকা এখন থমথমে অবস্থা বিরাজ করছে। আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক আছে। তিনি আরো জানান যে, সম্প্রতিক সময়ে নবগঙ্গা নদীর তীব্র ভাঙ্গনে কালিয়া পৌরসভার ঘোষপাড়া, মাউলী ইউনিয়নের চান্দেরচর, মাউলী, ইসলামপুর, সালামাবাদ ইউনিয়নের দেবী, বিলবাউচ, হামিদপুর ইউনিয়নের ভোমবাগ, পারভোমবাগ এলাকায় অনেক পরিবারের বসত ঘর নদীগর্ভে বিলীন হয়ে গেছে। এ ছাড়া বর্তমান সময়ের তীব্র দাবাদহে বিভিন্ন এলাকায় অগ্নিকান্ডে অনেকের ঘর পুড়ে অসহায় হয়ে পড়েছে। এ সকল অসহায় পরিবার তাদের ঘর নির্মাণ করা, পরিবারের অসহায় ছেলে-মেয়েদের বই-খাতা ক্রয় এবং অনেকে চিকিৎসার জন্য আর্থিক সহায়তা চেয়ে পরিষদে আবেদন করেছেন। তিনি আবেদন সমূহ সভায় উপস্থাপন করেন। উপস্থাপিত আবেদন সমূহ সভায় পাঠ করে শুনান এবং আবেদীত ইউনিয়ন পরিষদের সালামাবাদ, বাঐসোনা, মাউলী, চাঁচুড়ী, হামিদপুর, জয়নগর, খাশিয়াল ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানবৃন্দ জানান যে, তাদের ইউনিয়ন হতে যে সকল আবেদন করা হয়েছে তা সত্য। তারা সকলেই আবেদনকারীদের উপজেলা রাজস্ব তহবিল হতে আপদকালীন ফান্ড হতে আর্থিক সহায় প্রদানের অনুরোধ করেন। সভায় উপস্থাপিত আবেদনের বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত আবেদনকারীদের অনুকূলে বর্ণিত অর্থ অনুদান হিসেবে প্রদানের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।<br>১। পপি বেগম, স্বামী-তোবারেক শেখ, সাং-কদমতলা-৫,০০০/-<br>২। রিংকু দাশ, স্বামী- জয়দেব কুমার দাশ, সাং-পাটনা-৫,০০০/-<br>৩। জবেদা, স্বামী- মোঃ লিটন খান, সাং-নড়াগাতী-৫,০০০/-<br>৪। ইয়ানুর বেগম, স্বামী-নুর ইসলাম, সাং-নড়াগাতী-৫,০০০/-<br>৫। ইমরান শেখ, পিতা- হেকমত শেখ, সাং-চরবল্লাহাটি-৫,০০০/-<br>৬। মনোয়ারা বেগম, স্বামী-মৃত আলী হোসেন, সাং-চরবল্লাহাটি-৫,০০০/- | বিস্তারিত আলোচনা ও পর্যালোচনা পূর্বক নদী ভাঙ্গনে ক্ষতিগ্রস্থ পরিবার, আগুনে ক্ষতিগ্রস্থ পরিবার এবং আর্থিকভাবে অস্বচ্ছল পরিবারকে চিকিৎসা হসায়তা প্রদানের জন্য উপস্থাপিত আবেদন পত্রের বিপরীতে উল্লিখিত অনুদানের অর্থ উপজেলা রাজস্ব তহবিলের আপদকালীন ফান্ড হতে প্রদানের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইল। |

| | | | |
|---|---|---|---|
| | ৭। রমজান আলী, পিতা-মৃত আফজাল শেখ, সাং-চরবল্লাহাটি-৫,০০০/-<br>৮। ছাদেক শেখ, পিতা- মৃত আব্দুল বারেক শেখ,সাং-চরবল্লাহাটি- ৫,০০০/- | | |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(কৃষ্ণপদ ঘোষ)
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা
ও
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
কালিয়া, নড়াইল।

স্মারক নং-০৫.৪৪.৬৫২৮.০০১.০৮.০০১.২১- (৫০) তারিখঃ- ২৯/০৭/২০২১ খ্রিঃ।

অনুলিপিঃ সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো।

১। মন্ত্রিপরিষদ সচিব,মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
২। মাননীয় সংসদ সদস্য, ৯৩ নড়াইল-১।
৩। সচিব,স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়,বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
৪। কমিশনার, খুলনা বিভাগ, খুলনা।
৫। জেলা প্রশাসক,নড়াইল।
৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল।
৭। ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, কালিয়া, নড়াইল।

অনুলিপি ঃ জ্ঞাতার্থে ও কার্যার্থে ।

৮। উপজেলা ....................................................................অফিসার,কালিয়া,নড়াইল।
১০। চেয়ারম্যান,......................................................ইউনিয়ন পরিষদ,কালিয়া,নড়াইল।

উপজেলা নির্বাহী অফিসার
কালিয়া,নড়াইল।